দৈনিক আমাদের সময়

তারিখ 19 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

# নতুন প্রজন্মকে বিশ্বমানের শিক্ষা দিতে হবে : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা ● শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার্থীদের নৈতিক, মানবিক ও আধুনিক মূল্যবোধসম্পন্ন শিক্ষার্থী হিসেবে গড়ে তুলতে সরকার কাজ করছে। জঙ্গিবাদ জাতির সামনে একটি বড় চ্যালেঞ্জ উল্লেখ করে মন্ত্রী বলেন, এ চ্যালেঞ্জ মোকাবিলায় এবং জঙ্গি প্রতিরোধে সবাইকে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করতে হবে। গতকাল রোববার কুমিল্লা শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত স্টেডিয়ামে ৪৫তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, আমাদের নতুন প্রজন্মকে প্রযুক্তিনির্ভর বিশ্বমানের শিক্ষায় শিক্ষিত করে তোলা হবে। তাদের মধ্যে শিক্ষার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের প্রসার ঘটাতে হবে। বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতির আয়োজনে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কুমিল্লার ব্যবস্থাপনায় চার দিনব্যাপী এ প্রতিযোগিতা শুরু হয়েছে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন কুমিল্লা সদর আসনের সংসদ সদস্য হাজি আ ক ম বাহাউদ্দিন, শিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. অরুনা বিশ্বাস, কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আব্দুল খালেক, মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান একেএম ছায়েফ উল্লাহ, কুমিল্লা জেলা প্রশাসক মো. হাসানুজ্জামান কল্লোল, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মোস্তাফিজুর রহমান প্রমুখ।